গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৭০/২০১৮-২০১৯

ঢাকা, সোমবার ৪ মার্চ ২০১৯, ২০ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। যে কোনো হুমকি মোকাবিলায় সেনাবাহিনীকে সদা প্রস্তুত থাকতে হবে : রাজশাহী সেনানিবাসে প্রধানমন্ত্রী

২। অসুস্থ ওবায়দুল কাদেরকে দেখতে হাসপাতালে গেলেন রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্পিকার

৩। পুরান ঢাকার কেমিক্যাল গুদাম উচ্ছেদ কার্যক্রম থেকে সরকার সরবে না : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। সাব-রেজিস্ট্রার অফিসে দুর্নীতির দুষ্টচক্র ভেঙে ফেলতে হবে : আইনমন্ত্রী

৫। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী : দূতাবাসগুলোকে পরিকল্পনা নিতে পররাষ্ট্রমন্ত্রীর চিঠি

৬। নিজস্ব সক্ষমতা দিয়েই ডেল্টা প্ল্যান বাস্তবায়ন করা হবে : পরিকল্পনামন্ত্রী

৭। পাটের ৭০০০ কোটি টাকার রফতানি বাজার হতে পারে : পাটমন্ত্রী

৮। উপজেলা হাসপাতালে বিনামূল্যে ৪৭ ধরনের ওষুধ দেয় সরকার : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

৯। অদূর ভবিষ্যতে রাজউক হবে সমৃদ্ধ ও জনবান্ধব প্রতিষ্ঠান : গণপূর্তমন্ত্রী

১০। এলপিজির দাম কমাতে ব্যবসায়ীদের প্রতি আহ্বান জ্বালানি প্রতিমন্ত্রীর

১১। ১০ হাজার কি.মি. নৌপথের নাব্য ফেরানো হবে : সংসদে নৌপরিবহণ প্রতিমন্ত্রী

১২। আগামী ১৬ থেকে ২২ মার্চ জাতীয় জাটকা সংরক্ষণ সপ্তাহ

১৩। বাজেট ব্যবস্থাপনার প্রকল্পে ১০ কোটি মার্কিন ডলার ঋণ অনুমোদন বিশ্বব্যাংকের

১৪। বিশ্বে উদার দেশের তালিকায়  দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ ৪র্থ

চলমান পাতা-২

**১। যে কোনো হুমকি মোকাবিলায় সেনাবাহিনীকে সদা প্রস্তুত থাকতে হবে : রাজশাহী সেনানিবাসে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পবিত্র সংবিধান এবং দেশের সার্বভৌমত্ব রক্ষার জন্য অভ্যন্তরীণ কিংবা বাহ্যিক যে কোনো হুমকি মোকাবিলায় সেনাবাহিনীকে সদা প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন। একাদশ সংসদ নির্বাচনে সেনাবাহিনীর ভূমিকার প্রশংসা করে তিনি বলেন, তারা নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে দেশের গণতান্ত্রিক ধারা সমুন্নত রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। এ জন্য প্রধানমন্ত্রী তাদের ধন্যবাদ জানান। গতকাল (৩ মার্চ রোববার) রাজশাহী সেনানিবাসে বাংলাদেশ ইনফ্যান্ট্রি রেজিমেন্টের ৭, ৮, ৯ ও ১০ ব্যাটালিয়নকে জাতীয় পতাকা প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**২। অসুস্থ ওবায়দুল কাদেরকে দেখতে হাসপাতালে গেলেন রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্পিকার**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের অসুস্থতার খবর শুনে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালে ছুটে যান রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। হৃদরোগে আক্রান্ত ওবায়দুল কাদের গতকাল (৩ মার্চ রোববার) সকাল থেকে এ হাসপাতালের করোনারি কেয়ার ইউনিটে ভর্তি আছেন। চিকিৎসকরা জানিয়েছেন, জীবন সঙ্কটে থাকা ওবায়দুল কাদেরকে কৃত্রিমভাবে শ্বাসপ্রশ্বাস দেওয়া হচ্ছে। শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হলেও এখনো শঙ্কামুক্ত নন তিনি। পরে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী তাঁকে দেখতে হাসপাতালে পৌঁছান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫) **সংবাদ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**৩। পুরান ঢাকার কেমিক্যাল গুদাম উচ্ছেদ কার্যক্রম থেকে সরকার সরবে না : স্বরাষ্ট্রমন্ত্রী**
**গণহত্যা দিবসের রাতে সারাদেশে এক মিনিট ব্ল্যাক আউট কর্মসূচি পালন করা হবে**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, পুরান ঢাকা থেকে কেমিক্যাল গুদাম উচ্ছেদ কার্যক্রম থেকে সরকার সরে আসবে না। এ ব্যাপারে একটি নীতিমালা করার ব্যাপারে প্রধামন্ত্রী শেখ হাসিনা আন্তরিক । এরইমধ্যে তিনি একটি দিক-নির্দেশনা দিয়েছেন। সে অনুযায়ী কাজ চলছে। গতকাল (৩ মার্চ রোববার) সচিবালয়ে ২৫ মার্চ গণহত্যা দিবস পালন ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপনের লক্ষ্যে আয়োজিত সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)।

**৪। সাব-রেজিস্ট্রার অফিসে দুর্নীতির দুষ্টচক্র ভেঙে ফেলতে হবে : আইনমন্ত্রী**

সাব-রেজিস্ট্রার ও জেলা রেজিস্ট্রার অফিসগুলোতে দুর্নীতির দুষ্টচক্র ভেঙে ফেলার নির্দেশ দিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, এ ব্যাপারে আইন মন্ত্রণালয় সব ধরনের সহযোগিতা দিতে প্রস্তুত রয়েছে। গতকাল (৩ মার্চ রোববার) রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে নিবন্ধন অধিদপ্তরে স্বচ্ছতা ও জনবান্ধব পরিসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত মতবিনিময়সভায় আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** ( শেষ পৃ,ক.৪)।

**৫। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী : দূতাবাসগুলোকে পরিকল্পনা নিতে পররাষ্ট্রমন্ত্রীর চিঠি**

সভা-সেমিনার, প্রদর্শনী ও মেলাসহ বিভিন্ন আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে বাংলাদেশের দূতাবাসসমূহকে দুই বছর মেয়াদি পরিকল্পনা করতে বলেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন। বিদেশস্থ বাংলাদেশ কূটনৈতিক মিশনের প্রধানদের উদ্দেশে লেখা এক চিঠিতে তিনি এসব কথা বলেন। চিঠিতে পররাষ্ট্রমন্ত্রী বলেন, ২০২০ সালে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী পালিত হবে। এর পরের বছর ২০২১ সালে পালিত হবে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী । বাংলাদেশের স্থপতির প্রতি গভীর শ্রদ্ধার পাশাপাশি তাঁর স্বপ্নের বাস্তবায়নে অর্জিত অগ্রগতির বিষয়ে বিশ্বজনীন আগ্রহের কথা বিবেচনা করে আগামী দিনগুলোতে দেশের পাশাপাশি বিদেশেও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১),**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**৬। নিজস্ব সক্ষমতা দিয়েই ডেল্টা প্ল্যান বাস্তবায়ন করা হবে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, আমাদের অর্থনীতির আকার বাড়ছে। প্রতি বছর, প্রতি দশকে আমাদের আর্থিক অবস্থার উন্নতি হবে। প্রতিবছর রাজস্ব বাড়বে। আমাদের বাড়তি সক্ষমতা দিয়েই পর্যায়ক্রমে শতবর্ষের ডেল্টা প্ল্যান বাস্তবায়ন করতে পারব। গতকাল (৩ মার্চ রোববার) রাজধানীর ইনস্টিটিউশন অভ্ ইঞ্জিনিয়ার্সে 'প্রকৌশলী এম এ জব্বার মেমোরিয়াল লেকচার'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**৭। পাটের ৭০০০ কোটি টাকার রফতানি বাজার হতে পারে : পাটমন্ত্রী**

পাটপণ্যের রফতানি বাজার সাত হাজার কোটি টাকায় উন্নীত করা সম্ভব বলে জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী। এ সম্ভাবনা কাজে লাগাতে সরকারের পক্ষ থেকে উদ্যোক্তাদের সব ধরনের সহযোগিতা দেওয়ার কথা জানিয়েছেন তিনি। গতকাল (৩ মার্চ রোববার) এক মতবিনিময়সভায় এ প্রত্যাশার কথা জানান পাটমন্ত্রী। রাজধানীর মনিপুরিপাড়ায় জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার কার্যালয়ে উদ্যোক্তা এবং কর্মকর্তাদের সঙ্গে এ সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৫) **, সংবাদ** (পৃ.১৪,ক.৭) ।

**৮। উপজেলা হাসপাতালে বিনামূল্যে ৪৭ ধরনের ওষুধ দেয় সরকার : সংসদে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক সংসদকে জানিয়েছেন, উপজেলায় সরকারি হাসপাতালগুলোতে ৪৭ ধরনের ওষুধ বিনামূল্যে সরবরাহ করে সরকার। গতকাল (৩ মার্চ রোববার) সংসদে প্রশ্নোত্তরপর্বে মন্ত্রী এ কথা বলেন। মন্ত্রী আরো বলেন, বিশ্বস্বাস্থ্য সংস্থার ইন্টারন্যাশনাল এজেন্সি ফর রিসার্চ অন ক্যান্সার এর প্রতিবেদন অনুযায়ী গতবছর (২০১৮) বাংলাদেশে ক্যান্সার আক্রান্ত রোগীর সংখ্যা ছিল ১ লাখ ৫০ হাজার ৭৮১ জন, যার মধ্যে এ রোগে মারা গেছে ১ লাখ ৮ হাজার ১৩৭ জন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১)।

**৯। অদূর ভবিষ্যতে রাজউক হবে সমৃদ্ধ ও জনবান্ধব প্রতিষ্ঠান : গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, অদূর ভবিষ্যতে রাজউক হবে সমৃদ্ধ ও জনবান্ধব প্রতিষ্ঠান, যেখানে কেউ কোনো রকম হয়রানির শিকার হবে না। কোনো রকম অভিযোগ আমরা পাব না। গতকাল (৩ মার্চ রোববার) রাজউক ভবনে লটারির মাধ্যমে রাজধানীর উত্তরা অ্যাপার্টমেন্ট প্রকল্পের ৭৯৭ গ্রাহককে ফ্ল্যাট আইডি বরাদ্দ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এ নিয়ে উত্তরা অ্যাপার্টমেন্ট প্রকল্পের ছয় হাজার ৬৩৬টির মধ্যে পাঁচ হাজার ৫৪১টি ফ্ল্যাট বরাদ্দ দেওয়া হলো। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৭), **সংবাদ** (শেষ পৃ,ক.১)।

**১০। এলপিজির দাম কমাতে ব্যবসায়ীদের প্রতি আহ্বান জ্বালানি প্রতিমন্ত্রীর**

তরল পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম কমানোর জন্য ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। তিনি বলেন, দাম নির্ধারণের বিষয়টি বাজারের ওপর ছেড়ে দেওয়া মানে এ নয় যে, ইচ্ছামতো দাম বাড়ানো হবে। গতকাল (৩ মার্চ রোববার) রাজধানীর বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সিটিতে দক্ষিণ এশিয়া এলপিজি সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। দু'দিনের এ সম্মেলনে এলপিজি খাতের ৮০টিরও বেশি দেশি-বিদেশি প্রতিষ্ঠান অংশ নিচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩)।

**১১। ১০ হাজার কি.মি. নৌপথের নাব্য ফেরানো হবে : সংসদে নৌপরিবহণ প্রতিমন্ত্রী**

নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, নৌপথের নাব্য বাড়াতে সরকার ছোট-বড় নদী খনন করার জন্য একটি বড় পরিকল্পনা গ্রহণ করেছে। এ পরিকল্পনা অনুযায়ী বিআইডব্লিউটিএর মাধ্যমে ১৭৮টি নদী খনন করে ১০ হাজার কিলোমিটার নৌপথের নাব্য পুনরুদ্ধার করা হবে। গতকাল (৩ মার্চ রোববার) সংসদে এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। প্রতিমন্ত্রী আরো বলেন, চট্টগ্রাম বন্দরের নাব্য বাড়াতে চার হাজার কোটি টাকার বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫)।

**১২। আগামী ১৬ থেকে ২২ মার্চ জাতীয় জাটকা সংরক্ষণ সপ্তাহ**

কোনো জাল ফেলবো না, জাটকা-ইলিশ ধরবো না' এ স্লোগান নিয়ে আগামী ১৬ থেকে ২২ মার্চ জাতীয় জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০১৯ পালিত হবে। ভোলার চরফ্যাশনে মৎস্য প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু জাতীয়

জাটকা সংরক্ষণ সপ্তাহের উদ্বোধন করবেন। ইলিশ-অধ্যুষিত ৩৬টি জেলায় এ সপ্তাহ পালিত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,.৮), **সমকাল** (পৃ.৩,ক.১)।

**১৩। বাজেট ব্যবস্থাপনার প্রকল্পে ১০ কোটি মার্কিন ডলার ঋণ অনুমোদন বিশ্বব্যাংকের**

সরকারি আর্থিক ব্যবস্থাপনার উন্নতিতে ১০ কোটি মার্কিন ডলার ঋণ অনুমোদন করেছে বিশ্বব্যাংকের বোর্ড সভা। বাজেট প্রস্তুতি এবং বাস্তবায়নের দক্ষতা বাড়তে নেওয়া স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্স ম্যানেজমেন্ট কর্মসূচি বাস্তবায়নে এ অর্থ ব্যয় হবে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ বিষয়ে বিশ্বব্যাংকের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর ড্যনডান চ্যন উল্লেখ করেছেন, বিগত দুই দশকে বাংলাদেশ সরকারের আর্থিক ব্যবস্থাপনার খাতে উন্নতি লক্ষ্য করা গেছে। এর ধারাবাহিকতা ধরে রাখায় সরকারি ব্যয় টেকসই পর্যায়ে উন্নীত হয়েছে। এ প্রকল্পটি বাস্তবায়নে সরকারি সংস্থাগুলোর আর্থিক ব্যবস্থাপনার আরো উন্নতি হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**১৪। বিশ্বে উদার দেশের তালিকায় দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ ৪র্থ**

বিশ্বে উদার দেশের তালিকায় ৭৪তম বাংলাদেশ। এশিয়ার মধ্যে বাংলাদেশ নবম। আর দক্ষিণ এশীয় দেশগুলোর মধ্যে চতুর্থ। যুক্তরাজ্যের চ্যারিটিজ এইড ফাউণ্ডেশন (সিএএফ) এ তালিকা তৈরি করেছে। কোনো দেশের মানুষ অপরিচিত মানুষকে কতটা সাহায্য করে, অর্থ সাহায্যে তারা কতটা আগ্রহী ও স্বেচ্ছাশ্রমে কতটা সময় ব্যয় করে – এ তিনটি বিষয়ের ওপর ভিত্তি করে এ তালিকা তৈরি করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলার ইকড়ি ইউনিয়নের তালতলা নামক স্থানে একটি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে ৩০ জন যাত্রী আহত হয়েছেন এ খবরে উদ্বেগ প্রকাশ করে দুর্ঘটনা রোধে সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠার বিকল্প নেই বলে মন্তব্য।

খ. **সমকাল :** চকবাজারেই আরও তিনটি স্থানে সীমিত পর্যায়ে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে উল্লেখ করে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঝুঁকি এড়াতে পুরান ঢাকায় যত্রতত্র গড়ে ওঠা রাসায়নিক এবং দাহ্য পদার্থের গুদাম ও কারখানা অপসারণ করার দাবি।

গ. **ইনকিলাব, ভোরের কাগজ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষিজমি, নদী ও খালবিল রক্ষার ওপর গুরুত্বারোপ করেছেন উল্লেখ করে আবাদি জমি বাঁচিয়ে, নদী, খালবিল, জলাধার সংরক্ষণ করেই স্থাপনা, বাড়িঘর, শিল্পকারখানা ও রাস্তাঘাট নির্মাণের ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** একটি প্রতারক চক্র গত ১৫ বছর ধরে অভিনব কায়দায় প্রতারণা করে মানুষজনের কাছ থেকে আনুমানিক ১০০ কোটি টাকার বেশি হাতিয়ে নিয়েছে উল্লেখ করে এ ধরনের প্রতারণা রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ :** বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইনটেনসিভ কেয়ার ইউনিটে চিকিৎসাধীন রোগীদের ২৫ শতাংশই অ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্ট এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহার বন্ধে সচেতনতার আহ্বান।

চ. **ডেইলি সান :** সেতু বিভাগের মেগা প্রকল্পগুলো যাতে দ্রুত শেষ হয় সেদিকে নজর দেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** পরিবেশের জীববৈচিত্র্য রক্ষায় বন্য প্রাণী সুরক্ষার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নতুন কোনো পণ্য বাজারজাতকরণে প্রাথমিক পর্যায়ে সরকারি প্রণোদনা প্রয়োজন।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'দেশেই গবেষণার পরিবেশ গড়ে তোলা দরকার'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, গবেষণাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিয়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিশ্বমানের গবেষণাকেন্দ্র গড়ে তোলার উদ্যোগ নেওয়া দরকার।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা